

💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

৬৪.ওযুর ফরজ কয়টি ও কী কী? - [ওযুর ফরয]

ওযুর ফরয ও সুন্নাত কয়টি ও কী কী তা আলাদা করে রাসূলুল্লাহ (স) ও তাঁর সাহাবীগণ বলেননি। তবে বিজ্ঞ ফকীহগণ নিম্নবর্ণিত কাজগুলোকে ওযুর ফরয বলেছেন,

- ১. মুখমণ্ডল ধৌত করা,
- ২. দুই হাত কনুই পর্যন্ত ধৌত করা,
- ৩. মাথা মাসেহ করা,
- ৪. দুই পা গিরাসহ ধৌত করা।

কোন কোন ফকীহর মতে, নিম্নবর্ণিত ২টি কাজসহ ওযুর ফর্য মোট ৬টি

- ৫. ধারাবাহিকতা রক্ষা করা। অর্থাৎ ওযূর অঙ্গ ধৌত করার সময় ক্রমধারা ভঙ্গ না করা। আরবীতে এ সিরিয়ালকে বলা হয় তারতীব ;
- ৬. এক অঙ্গ শুকিয়ে যাওয়ার পূর্বেই পরবর্তী অঙ্গ ধৌত করা। এটাকে আরবীতে বলা হয় মুওয়ালাহ।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=12800

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন